যায়যায়দিন
১৯৮৪ থেকে

তারিখঃ ২১-১১-২০২৩ (পৃঃ ১১)

# পাইকগাছায় কৃষকদের জলবায়ু-লবণ সহিষ্ণু ধান ও সবজি বীজ বিতরণ

■ পাইকগাছা (খুলনা) প্রতিনিধি

খুলনার পাইকগাছায় কৃষকদের মধ্যে জলবায়ু-লবণ সহিষ্ণু ধান ও সবজি বীজ বিতরণ করা হয়েছে। দাতা সংস্থা ব্রেড ফর দ্যা ওয়ার্ল্ডের অর্থায়নে ও উন্নয়ন সংস্থা অ্যাওসেডর অলটার প্রকল্প ফেইজ-২ এর আওতায় সোমবার সকালে উপজেলার রামনাথপুর যজ্ঞ মন্দির চত্বরে কৃষকদের এসব বীজ বিতরণ করা হয়।

কর্মসূচির আওতায় উপজেলার ৫ ইউনিয়নের রামনাথপুর, নোয়াকাটি, বাঁকা ও মাহমুদকাটীসহ ১১টি গ্রামের ২২০ জন কৃষককে লবণ সহিষ্ণু ব্রি-৬৭ জাতের ধান বীজ, ৪৩৫ জন কৃষককে জলবায়ু সহিষ্ণু সবজি বীজ ও বাণিজ্যিকভাবে উৎপাদনকারী একশ' জন কৃষককে সবজি বীজ বিতরণ করা হয়। অ্যাওসেডর কমিউনিটি ডেভেলপমেন্ট অফিসার মিলন মিয়ার সভাপতিত্বে বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপজেলা কৃষি অফিসার অসীম কুমার দাশ।

উপস্থিত ছিলেন সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা শাহজাহান আলী, উপ-সহকারী কৃষি কর্মকর্তা সরাজ উদ্দীন মোড়ল, আফজাল হোসেন, সুব্রত দত্ত, অ্যাওসেডর ফিল্ড অফিসার মানিক লাল বসু ও কমিউনিটি মবিলাইজার (কৃষি) সাকিব শেখ।